জেলা পরিষদ

বাগেরহাট।

www.zpbagerhat.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

২১ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ।

স্মারক নং-জেপবা/তেইশ-১১/২০১৭-১৮/২৭৩ তারিখ: ০৬ অক্টোবর ২০২০ খ্রি:।

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাগেরহাট জেলা পরিষদের জন্য স্থানীয় সরকার বিভাগের (জেলা পরিষদ শাখার) ০৫/১০/২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০০.০৪২.০১৯.০৪.০০.১৩০.২০১৩.১৫৫৮ নং স্মারকে সাংগঠনিক কাঠামোভুক্ত ড্রাইভার এর শূন্য পদে ০১(এক) জন লোক নিয়োগের ছাড় পত্র অনুযায়ী সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। দরখাস্ত গ্রহণের সর্বশেষ তারিখ **২৯/১০/২০২০** খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত। দরখাস্ত ডাকযোগে/সরাসরি দাখিল করা যাবে। তবে প্রেরিত দরখাস্ত **২৯/১০/২০২০** খ্রিঃ তারিখের পরে অত্র অফিসে পাওয়া গেলে তা গ্রহণ যোগ্য বলে বিবেচিত হবে না।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বয়স | বেতন ক্রম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | ড্রাইভার<br>গ্রেড- ১৬ | ০১টি | **২৯/১০/২০২০ খ্রিঃ** তারিখে ১৮ হতে ৩০ বছর | ৯৩০০-৯৭৭০-১০২৬০-১০৭৮০-১১৩২০-১১৮৯০-১২৪৯০-১৩১২০-১৩৭৮০-১৪৪৭০-১৫২০০-১৫৯৬০-১৬৭৬০-১৭৬০০-১৮৪৮০-১৯৪১০-২০৩৯০-২১৪১০-২২৪৯০ | হালকা যান চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে এবং ইংরেজী ও বাংলা শব্দ পড়ার সাধারণ জ্ঞানের অধিকারী হতে হবে। |

**শর্তাবলীঃ**

১। আবেদন পত্রে (ক) প্রার্থীর নাম (খ) প্রার্থীর পিতা/ স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জন্ম তারিখ (জ) বয়স (ঝ) জাতীয়তা (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,বাগেরহাট এর বরাবর স্বহস্তে লিখিত দরখাস্ত সরাসরি / ডাকযোগে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। আবেদন পত্রের সঙ্গে সদ্য তোলা পাসপোর্ট আকারের ২কপি সত্যায়িত ছবি ও শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের (১ম শ্রেনীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) কপি এবং অভিজ্ঞতার সনদ পত্র (যদি থাকে), ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্র ও ১ম শ্রেনীর গেজেটেড অফিসারের নিকট হতে চারিত্রিক সনদপত্র পৃথকভাবে। সংশ্লিষ্ট আবেদনকারীর জন্মসনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

৩। আনসার/ গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, এতিম, এবং উপজাতি প্রার্থীদের সরকারী সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ পত্রের সত্যায়িত কপি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

(ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে চাকুরীর আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পিতা/ মাতার মুক্তিযোদ্ধার সার্টিফিকেট, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে এবং এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(খ) আবেদনকারী মুক্তিযোদ্ধার সন্তান হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধার সন্তান এই মর্মে মুক্তিযোদ্ধা সনদ এর সত্যায়িত কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৪। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য নয়। আবেদনকারীর বয়স **২৯/১০/২০২০** খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বৎসর এর মধ্যে হতে হবে।তবে মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে ৩২(বত্রিশ) বছরের অধিক হবে না। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

৫। সরকারী/আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে উক্ত প্রতিষ্ঠানে চাকুরী কাল কমপক্ষে ৩ বছর হতে হবে।

৬। আবেদনকারীকে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,বাগেরহাট এর অনুকূলে ২০০(দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) দাখিল করতে হবে।

৭। অসম্পূর্ণ বা ক্রটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল যোগ্য।

৮। সাক্ষাৎকারের সময় মূল সনদপত্র প্রদর্শণ করতে হবে।

৯। প্রার্থীর লিখিত/ মৌখিক/ ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ কালে প্রার্থীকে কোন প্রকার ভ্রমণ ভাতা ও দৈনিকভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১০। উক্ত পদে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

১১। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন পর্যায়ে বর্ণিত পদের লোক নিয়োগের কার্যক্রমের স্থগিতাদেশ প্রদান করার ক্ষমতা সংরক্ষন করেন।

০৬/১০/২০২০
(ঝুমুর বালা)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃপ্রাঃ)
জেলা পরিষদ, বাগেরহাট।
ফোন ঃ ০৪৬৮-৬২১১১

০৬/১০/২০২০

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

স্মারক নং-জেপবা/তেইশ-১১/২০১৭-১৮/২৭৩(২১) তারিখঃ ০৬ অক্টোবর, ২০২০ খ্রিঃ।
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ

১। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণলায়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। বিভাগীয় কমিশনার,খুলনা বিভাগ,খুলনা।
৩। চেয়ারম্যান, জেলা পরিষদ,বাগেরহাট।
৪। চেয়ারম্যান, জেলা পরিষদ,.......................................................( সকল)।
৫। জেলা প্রশাসক,বাগেরহাট।
৬। পরিচালক, স্থানীয় সরকার,খুলনা বিভাগ,খুলনা।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ ........................................... ( সকল)।
৮। উপপরিচালক,স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।
৯। পুলিশ সুপার,বাগেরহাট।
১০। সিভিল সার্জন,বাগেরহাট।
১১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড/ বিদ্যুৎ উন্নয়ন বোড,বাগেরহাট।

**অনুলিপি অবগতি এবং প্রচারার্থে প্রেরিত হলোঃ**

১২। উপজেলা পরিষদ চেয়ারম্যান, বাগেরহাট সদর/কচুয়া/মোরেলগঞ্জ/শরণখোলা/রামপাল/ফকিরহাট/মোল্লাহাট/চিতলমারী/মোংলা,বাগরহাট।
১৩। উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর/ কচুয়া/ মোরেলগঞ্জ /শরণখোলা /রামপাল/ ফকিরহাট/ মোল্লাহাট/ চিতলমারী/ মোংলা, বাগরহাট।
১৪ জেলা হিসাব রক্ষন অফিসার,বাগেরহাট।
১৫। সহকারী কমিশনার(ভূমি),..................................., বাগেরহাট (সকল)।
১৬। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ,বাগেরহাট।
১৭। অফিসার ইনচার্জ, বাগেরহাট সদর মডেল থানা,বাগেরহাট।
১৮। সম্পাদক, দৈনিক ......................................................, ঢাকা-.................। বিজ্ঞপ্তিটি ৬"x৩" কলামে সরকারী ছুটির দিন ব্যতিরেকে ০১(এক) দিনের জন্য প্রকাশ করার জন্য অনুরোধ করা গেল ।
১৯। সম্পাদক, দৈনিক ................................, খুলনা । বিজ্ঞপ্তিটি ৬"x৩" কলামে সরকারী ছুটির দিন ব্যতিরেকে ০১(এক) দিনের জন্য প্রকাশ করার জন্য অনুরোধ করা গেল ।
২০। হিসাব রক্ষক, জেলা পরিষদ,বাগেরহাট।
২১। অফিস কপি।

০৬/১০/২০২০

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃপ্রাঃ)
জেলা পরিষদ,বাগেরহাট।

০৬/১০/২০২০